



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.bhbfc.gov.bd

নং-এইচবি/এইচও/এডি-৫২২(১২)/৬৬৯৭

তারিখ : ২৪.১০.২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের নিম্নবর্ণিত শূণ্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	শূণ্য পদের সংখ্যা	বয়স সীমা	প্রয়োজনীয় যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫	৬	৭
১.	ড্রাইভার গ্রেড-১৬	৯৩০০-২২৪৯০/-	০৪ টি	৩০ বছর	অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বি.আর.টি.এ বা সরকার কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত গাড়ী চালানোর বৈধ লাইসেন্সসহ গাড়ী চালানোর ক্ষেত্রে অন্যান্য ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	ঢাকা, গাজীপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, চট্টগ্রাম, রাজশাহী, পাবনা, কুড়িগ্রাম, খুলনা, কুষ্টিয়া, সাতক্ষীরা, যশোর, বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী ও সিলেট জেলা ব্যতীত সকল জেলা
২.	ইলেকট্রিশিয়ান গ্রেড-১৬	৯৩০০-২২৪৯০/-	০১ টি	৩০ বছর	অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।	ভোলা, নেত্রকোনা, কিশোরগঞ্জ, চুয়াডাঙ্গা ও কুমিল্লা জেলা ব্যতীত সকল জেলা
৩.	প্লাম্বার গ্রেড-২০	৮২৫০-২০০১০/-	০৩ টি	৩০ বছর	অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে পেশাগত ট্রেড সার্টিফিকেট এবং অন্যান্য ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	সিরাজগঞ্জ, পিরোজপুর ও ময়মনসিংহ জেলা ব্যতীত সকল জেলা

আবেদনকারীকে নিম্নোক্ত তথ্যাদিসহ আগামী ২১.১১.২০১৭ তারিখের মধ্যে উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর বরাবরে আবেদন করতে হবে :

তথ্যাবলী :

(১) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজীতে), (২) পিতা/স্বামীর নাম, (৩) মাতার নাম, (৪) স্থায়ী ঠিকানা, (৫) বর্তমান ঠিকানা, (৬) নিজ জেলার নাম, (৭) জন্ম তারিখ (শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অনুযায়ী), (৮) ৩১.১০.২০১৭ তারিখে বয়স, (৯) জাতীয়তা, (১০) ধর্ম, (১১) শিক্ষাগত যোগ্যতা, (১২) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা/উপজাতী/প্রতিবন্ধী/মহিলা/আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলের সদস্য কি-না এবং (১৩) অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) উল্লেখ করতে হবে।

শর্তাবলী :

- ৩১.১০.২০১৭ তারিখ বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। সরকারী বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষিত থাকবে।
- দরখাস্ত প্রেরণের খামের উপর আবেদনকৃত পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে ক্রমিক ১-২ নং প্রার্থীদের ৩০০/- টাকা এবং ৩ নং প্রার্থীদের ২০০/- টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জনতা ব্যাংকের যে কোন শাখা হতে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন অনুকূলে প্রেরণ করতে হবে।
- প্রার্থীকে দরখাস্তের সাথে নিম্নবর্ণিত সনদের কপি/ফাটকা/প্রমাণ প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার (নাম ও পদবীসহ) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে :
(১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, (২) প্রার্থী বাংলাদেশের স্থায়ী নাগরিক এই মর্মে সংশ্লিষ্ট (নিজ জেলার) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, (৩) সদ্য তোলা ০৪ কপি পাসপোর্ট সাইজের ছবি, (৪) শহীদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র-কন্যা প্রমাণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র, (৫) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র, (৬) ড্রাইভার পদে প্রার্থীদের ড্রাইভিং লাইসেন্স- এর কপি (৭) ইলেকট্রিশিয়ান ও প্লাম্বার পদে প্রার্থীদের স্বীকৃত প্রতিষ্ঠান হতে পেশাগত ট্রেড সনদের কপি।
- অভিজ্ঞতার স্বক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের সনদ দাখিল করতে হবে।
- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদেরকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ক্রটিপূর্ণ, অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- সরকারি বিধি-মোতাবেক নিয়োগের প্রচলিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- ২০১৪ সালে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী প্লাম্বার পদে আবেদনকারীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ওয়েবসাইট: www.bhbfc.gov.bd -এ পাওয়া যাবে।
- বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মীর মোফাজ্জল হোসেন)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)